

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

Email: dgdncbd@gmail.com, Website: www.dnc.gov.bd

নথি নং-৪৪.০৪.০০০০.০০৬.০৩৭.১৬(খন্ড-১). ৬৭৬৪

২৬ শ্রাবণ, ১৪২৪
তারিখ: -----
০২ আগস্ট, ২০১৭

বিষয়: দপ্তর/সংস্থা এবং অধীনস্থ কার্যালয়সমূহের উত্তম চর্চা (best practice) চিহ্নিতকরণ, অনুসরণ এবং বহুল প্রচার ও প্রসারের উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩৮.০০২.১৬-৯২, তারিখ: ১৩ জুলাই, ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিম্নবর্ণিত উত্তম চর্চা (best practice) সমূহ চিহ্নিত করা হয়েছে।


১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যাবতীয় অফিস সরঞ্জামাদি, নথি পত্র, রেজিস্টার, চাকুরী বহি, এসিআর ও অন্যান্য মালামাল বিধি মোতাবেক যথাযথভাবে সংরক্ষণকরণ।
২. অধিদপ্তরের আওতাধীন প্রত্যেক কার্যালয়ে প্রাপ্ত পত্রসমূহ যথাসময়ে নথিতে উপস্থাপনসহ প্রাপ্ত পত্রের চাহিত তথ্যাদি নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার কমপক্ষে ০২(দুই) কর্মদিবস পূর্বে প্রেরণকরণ।
৩. অধিদপ্তরের আওতাধীন প্রত্যেক অফিস ও অফিস আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
৪. প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল অফিসে কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করা এবং কর্মঘন্টা শেষ হওয়ার পূর্বে অফিস ত্যাগ না করা।
৫. মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা (বিশেষ করে সিপাই, এএসআই, এসআই ও পরিদর্শকগণ) অভিযান, তথ্য/গোপন সংবাদ সংগ্রহ বা অন্যকোন সরকারী কাজে অফিসের বাহিরে গমনকালে বিষয়টি মুভমেন্ট রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ এবং বাহির হতে অফিসে ফিরে আসার সময়টিও মুভমেন্ট রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ।
৬. অফিস সহায়ক, নৈশপ্রহরী/দারওয়ান, গাড়ীচালক, সিপাই, এএসআই, এসআই ও পরিদর্শকগণ কর্তৃক অধিদপ্তর হতে প্রদানকৃত নির্ধারিত সরকারী পোষাক পরিধানপূর্বক অফিসকরণ।
৭. কর্মকর্তা-কর্মচারীদের পিআরএল/পেনশন সংক্রান্ত কার্যাদি যথাসময়ে নিষ্পত্তিকরণ। অবসরজনিত আর্থিক সুবিধাদি গ্রহণের জন্য পিআরএল এ যাওয়ার পূর্বে কর্মকর্তা-কর্মচারীদেরকে চাহিদামত স্থানে বদলিকরণ।
৮. জরুরী ও গুরুত্বপূর্ণ তথ্যাদি অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিক প্রকাশকরণ।
৯. জনগণকে সেবা প্রদান করার জন্য প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল অফিসে সিটিজেন চার্টার ও অভিযোগ বক্স স্থাপনসহ সেবা গ্রহণকারীদের সাথে সহ্যবহারকরণ।

উল্লিখিত উত্তম চর্চা(best practice) সমূহ যথাযথভাবে অনুসরণ করা এবং এসব উত্তম চর্চার বহুল প্রচার ও প্রসারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেভারিয়া, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/ সিলেট/ বরিশাল/গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো: উপ-অঞ্চল/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,-----
-----।
৭. তত্ত্বাবধায়ক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

০১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব [অগ্নি অনুবিভাগ]।
০২. অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: আতাহার আলী)
পরিচালক(প্রশাসন)।
মহাপরিচালকের পক্ষে
ফোন নম্বর : ৮৮৭০০১৬।